দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 08 MAR 2017 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

# খোকসায় শিক্ষার্থীদের অতিরিক্ত টাকা ফেরত দিলেন প্রধান শিক্ষক

**খোকসা (কুষ্টিয়া) সংবাদদাতা**

জেলায় খোকসা জানিপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের কাছ থেকে নেওয়া অতিরিক্ত সাতশ টাকা উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে মুচলেকা দিয়ে ফেরত দিয়েছেন প্রধান শিক্ষক।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, চলতি এস এস সি পরীক্ষায় ব্যবহারিক পরীক্ষার নামে ছাত্র-ছাত্রীদের কাছ থেকে ৭০০ টাকা হারে অতিরিক্ত ফি আদায় করছে এমন অভিযোগ পাওয়া যায়। এ তথ্যের ভিত্তিতে গত সোমবার উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সেলিনা বানু উপজেলার খোকসা জানিপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয়ে অভিযান চালায়। এ সময় প্রধান শিক্ষক মহম্মদ আলী ছাত্র-ছাত্রীদের কাছ থেকে নেওয়া অতিরিক্ত টাকা ফেরত দিবেন বলে উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে মুচলেকা দেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা সাংবাদিকদের জানান, অভিযোগের সত্যতা পাওয়ায় ছাত্র-ছাত্রীদের কাছ থেকে নেওয়া অতিরিক্ত টাকা ফেরত দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।